

## 3 Yr. Degree/4 Yr. Honours 4th Semester Examination, 2025 (CCFUP)

2679

Subject : Political Science

Course: POLS4013 (MAJOR)

(Introducing International Relations)

Time: 3 Hours

Full Marks: 60

*The figures in the right hand margin indicate full marks.**Candidates are required to give their answers in their own words  
as far as practicable.**দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

1. Answer any ten questions from the following:

2×5=10

নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

(a) Point out two objectives of CTBT.

CTBT-র দুটি লক্ষ্য নির্দেশ করো।

(b) Mention any two difficulties in measuring national power.

জাতীয় শক্তি পরিমাপের দু'টি অসুবিধা উল্লেখ করো।

(c) Mention any two of the human rights as declared in the 'Universal Declaration of Human Rights'.

'মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্র'-এ ঘোষিত যে কোনো দু'টি মানবাধিকার উল্লেখ করো।

(d) Mention two importance of 'propaganda' as a method of protecting National Interest.

জাতীয় স্বার্থ সংরক্ষণের একটি পদ্ধতি হিসাবে 'প্রচারকার্য'-র দু'টি গুরুত্ব উল্লেখ করো।

(e) What is the main argument of 'Neo-Realist approach' to International Relations?

আন্তর্জাতিক সম্পর্ক অধ্যয়নে 'নয়া-বাস্তববাদী দৃষ্টিভঙ্গী'-র মূলকথা কী?

(f) Mention, after Holsti, the three objectives of foreign policy of a state.

হলস্টির মতানুসারে একটি রাষ্ট্রের বিদেশনীতির তিনটি উদ্দেশ্য উল্লেখ করো।

(g) Define 'summit diplomacy'.

'শীর্ষ কূটনীতি'-র সংজ্ঞা দাও।

(h) What is 'Cold War'?

'ঠান্ডা যুদ্ধ' কী?

(i) Mention two importance of 'ideology' as a determinant of making foreign policy of a state.

কোনো একটি রাষ্ট্রের বৈদেশিক নীতি প্রণয়নে নির্ধারক হিসাবে 'মতাদর্শ'-র দুটি গুরুত্ব উল্লেখ করো।

(j) How would you define 'Globalization'?

‘বিশ্বায়ন’-কে তুমি কীভাবে সংজ্ঞায়িত করবে?

(k) Mention any two non-state actors in International Relations.

আন্তর্জাতিক সম্পর্কের যে কোনো দুটি অ-রাষ্ট্রীয় কারকের নাম লেখো।

(l) Mention two limitations of 'Idealist approach' to International Relations.

আন্তর্জাতিক সম্পর্ক অধ্যয়নে ‘আদর্শবাদী দৃষ্টিভঙ্গী’-র দুটি সীমাবদ্ধতা উল্লেখ করো।

(m) What do you mean by 'actor' in international politics?

আন্তর্জাতিক রাজনীতিতে ‘কারক’ বলতে তুমি কী বোঝো?

(n) Mention two elements through which geography of a country influences foreign policy.

দুটি উপাদানের নাম উল্লেখ করো যার মাধ্যমে কোন দেশের ভৌগোলিক অবস্থান বিদেশনীতিকে প্রভাবিত করে।

(o) Mention any two tangible elements of National Power.

জাতীয় শক্তির যে কোনো দুটি বাস্তব উপাদানের কথা উল্লেখ করো।

2. Answer any four questions from the following:

5×4=20

নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যেকোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

(a) Mention the year and the month in which the Universal Declaration of Human Rights was adopted by the General Assembly of the United Nations Organization. Write a brief note on the major impact of Human Rights on international politics. 1+4

কোন বছর এবং কোন মাসে রাষ্ট্রসংঘের সাধারণ সভায় মানবাধিকার সংক্রান্ত বিশ্ব ঘোষণাপত্রটি গৃহীত হয়? আন্তর্জাতিক রাজনীতিতে মানবাধিকারের মুখ্য প্রভাব সম্বন্ধে একটি সংক্ষিপ্ত টীকা লেখো।

(b) Define 'National Interest'. Evaluate the importance of National Interest in the formulation of foreign policy of a state. 2+3

‘জাতীয় স্বার্থ’-র একটি সংজ্ঞা দাও। কোনো একটি রাষ্ট্রের বিদেশনীতি নির্ধারণে জাতীয় স্বার্থ-র গুরুত্ব মূল্যায়ন করো।

(c) What is NSG in International Relations? Point out the significance of NSG in International politics. 2+3

আন্তর্জাতিক সম্পর্কে NSG বলতে তুমি কী বোঝো? আন্তর্জাতিক রাজনীতিতে NSG এর তাৎপর্য নির্দেশ করো।

(d) What do you mean by 'terrorism'? Write a short note on the influences of terrorism on International Relations. 2+3

‘সন্ত্রাসবাদ’ বলতে তুমি কী বোঝো? সন্ত্রাসবাদ কীভাবে আন্তর্জাতিক সম্পর্কের উপর প্রভাব ফেলে সংক্ষেপে উল্লেখ করো।

- (e) Briefly discuss the importance of Nuclear Non-Proliferation Treaty (NPT). Mention any one criticism raised by India against NPT. 4+1

পারমাণবিক অস্ত্র-প্রসার রোধ চুক্তির (NPT)-গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। NPT-র বিরুদ্ধে ভারত কর্তৃক উত্থাপিত যে কোনো একটি সমালোচনা উল্লেখ করো।

- (f) Identify any two of the major causes behind the origin of Cold War. Briefly analyse the impact of Cold War on international politics. 2+3

ঠান্ডা যুদ্ধের উৎপত্তির মুখ্য কারণগুলির মধ্যে যে কোনো দুটি মুখ্য কারণ উল্লেখ করো। সংক্ষেপে, আন্তর্জাতিক রাজনীতিতে ঠান্ডা যুদ্ধের প্রভাব বিশ্লেষণ করো।

3. Answer any two questions from the following:

10×2=20

নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (a) Define 'International Relations'. Discuss the position of the 'realists' regarding the approach of studying International Relations. 2+8

'আন্তর্জাতিক সম্পর্ক'-র সংজ্ঞা দাও। আন্তর্জাতিক সম্পর্ক অধ্যয়নের দৃষ্টিভঙ্গী সম্বন্ধে 'বাস্তববাদী' চিন্তাবিদগণের অবস্থান আলোচনা করো।

- (b) What do you understand by 'foreign policy'? Discuss the role of diplomacy as an instrument of formulation and execution of foreign policy. 2+8

'বৈদেশিক নীতি' বলতে তুমি কী বোঝো? বৈদেশিক নীতির প্রণয়ন ও বাস্তবায়নে হাতিয়ার হিসাবে কূটনীতির ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

- (c) Discuss the role of non-state actors in International Relations. Point out two main factors for the decline of 'state' as an actor in International Relations. 8+2

আন্তর্জাতিক সম্পর্কে অ-রাষ্ট্রীয় কারকের ভূমিকা আলোচনা করো। আন্তর্জাতিক সম্পর্কের কারক হিসাবে রাষ্ট্রের গুরুত্ব হ্রাসের দুটি মুখ্য কারণ নির্দেশ করো।

- (d) Identify any two economic features of globalization. Discuss, in brief the impact of globalization on the sovereignty and territoriality of a nation-state. 2+8

বিশ্বায়নের যে কোনো দুটি অর্থনৈতিক বৈশিষ্ট্য চিহ্নিত করো। একটি জাতি-রাষ্ট্রের সার্বভৌমিকতা ও ভূখণ্ডীয়তার ওপর বিশ্বায়নের প্রভাব সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।